# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

**কুমিল্লা-৩৫০৬**

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd


স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৮২০ তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

## ট্রেজারার হিসেবে যোগদান করলেন অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে যোগদান করেছেন একই বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন। আজ সোমবার (২৭ জুলাই ২০২৬ খ্রি.) বিকাল ৫.০০ ঘটিকায় তিনি যোগদান করেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (সংশোধিত ২০১৩) এর ১২ (১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর চার বছরের জন্য তাঁকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার হিসেবে নিয়োগ দিয়েছেন।

যোগদান শেষে তিনি প্রশাসনিক ভবনস্থ সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদের সাথে মতবিনিময় করেন।

নবনিযুক্ত মাননীয় ট্রেজারার বলেন, আমি এই বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক হিসেবে এই বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার সুযোগ পাওয়ায় মহান সৃষ্টিকর্তার নিকট শোকরিয়া আদায় করছি। আমার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করবো। শিক্ষা, গবেষণা এবং অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিশেষভাবে আর্থিক ব্যবস্থাপনায় যতটুকু ভূমিকা রাখার দরকার, তার সবটুকু পালন করার জন্য সর্বদা সচেষ্ট থাকবো। আমার টিমে যারা থাকবেন, তাদের সকলের সহযোগিতা নিয়ে আমরা সুন্দরভাবে আর্থিক ব্যবস্থাপনাকে এগিয়ে নিয়ে যাবো। পাশাপাশি অর্থের সৎ, স্বচ্ছ ও কল্যাণমুখী ব্যবহার নিশ্চিত করবো। অমি বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সকলের নিকট সার্বিক সহযোগিতা প্রত্যাশা করছি।

অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন ব্রাহ্মণপাড়া উপজেলার চান্দলা গ্রামের একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে একাউন্টিং বিষয়ে কৃতিত্বের সহিত স্নাতক সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এরপর চীনের শিয়ামেন ইউনিভার্সিটি থেকে ২০১১ সালে একাউন্টিং বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি দ্যা ইনস্টিটিউট অব কষ্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্টস অব বাংলাদেশ (ICMAB) এর ফেলো সদস্য। তিনি ২০০৭ সালে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে শিক্ষকতা শুরু করেন। বিশ্ববিদ্যালয়ে গবেষণায় তাঁর বেশ সুনাম রয়েছে। ৪১টির বেশি গবেষণা নিবন্ধ স্থানীয় এবং আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। তিনি এর আগে আইন অনুষদের ডিন, নিজ বিভাগের বিভাগীয় প্রধান, একাডেমিক কাউন্সিলের সদস্য, অর্থ কমিটির সদস্য, নিজ বিভাগের এমবিএ (এক্সিকিউটিভ) প্রোগ্রামের ডিরেক্টর, নিজ বিভাগের OBE কারিকুলাম কমিটির আহ্বায়ক, গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন।

মতবিনিময় সভা শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদের নিয়ে তিনি কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়